

CLASS 6 MODEL ACTIVITY TASK BENGALI PART 4 -
2021(NEW)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক - 4

ষষ্ঠ শ্রেণী

BENGALI /বাংলা

১. ঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:

১.১ 'ভবঘুরে' কবিতায় 'শুকনো খড়ের আঁটি' রয়েছে -

(ক) অশ্বখ গাছের নীচে (খ) মাঠ (গ) গোলাঘরে (ঘ) নৌকোর খোলে

১.২ 'তাকে আসতে বলবে কাল।' - কাকে আসতে বলা হয়েছে?

(ক) শংকর সেনাপতিকে (খ) অভিমন্যু সেনাপতিকে (গ) বিভীষণ দাশকে (ঘ) পঞ্চানন অপেরার মালিককে

১.৩ 'আকাশে নয়ন তুলে দাঁড়িয়ে রয়েছে

(ক) বুনোপাহাড় (খ) মরুভূমি (গ) প্রভাতসূর্য (ঘ) পাইনগাছ

১.৪ 'যেতে পারি কিন্তু কেন যাব' কাব্যগ্রন্থটির রচয়িতা

(ক) নীরেন্দ্রনাথচক্রবর্তী (খ) অরুণমিত্র (গ) শক্তিচট্টোপাধ্যায় (ঘ) অমিয় চক্রবর্তী

১.৫ পূর্ববঙ্গের মালতীর ভাষায় 'মাইল' শব্দের অর্থ-

(ক) পিছনে যাও (খ) সাবধান (গ) বস। (ঘ) কাত হও

২. খুব সংক্ষেপে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

২.১ ও তো পথিকজনের ছাতা' - পথিকজনের ছাতা কোনটি?

উঃ-নীরেন্দ্রনাথ চক্রবর্তীর লেখা 'ভরদুপুরে' কবিতায় অশথ গাছটিকে পথিক জনের ছাতা বলা হয়েছে।

২.২ 'এখানে বাতাসের ভিতর সব সময় ভিজে জলের ঝাপটা থাকে।' - কেন এমনটি হয়?

উঃ-শ্যামল গঙ্গোপাধ্যায় রচিত 'সেনাপতিশংকর' গল্পেপাঁচ - সাত মাইলের ভিতরে বঙ্গোপসাগর তাই এখানে বাতাসের ভিতর সবসময় ভিজে জলের ঝাপটা থাকে।

২.৩ 'মন ভালো করা' কবিতায় কবি রোদুরকে কীসের সঙ্গে তুলনা করেছেন?

উঃ-শক্তি চট্টোপাধ্যায় রচিত 'মন ভালো করা' কবিতায় কবি রোদুরকে মাছরাঙা পাখির গায়ের সঙ্গে তুলনা করেছেন।

২.৪ 'আমি কথা দিয়ে এসেছি - কথক কোন কথা দিয়ে এসেছেন?

উঃ-অরুণ মিত্র রচিত 'ঘাসফড়িং' কবিতায় কথক কথা দিয়ে এসেছেন যে তাকে ভিজে ঘাসের উপর যেতে হবে।

৩. নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো :

৩.১ 'দাঁড়ায়ে রয়েছে পামগাছ মরুতটে।' - কে এমন স্বপ্ন দেখে? কেন সে এমন স্বপ্ন দেখে?

উঃ-হাইনরিখ হাইনে রচিত 'পাইন দাঁড়িয়ে আকাশে নয়ন তুলি' কবিতায় পাইন গাছ এমন স্বপ্ন দেখে। পাইন গাছ যেখানে থাকে, তা শীতের দেশ। একঘেয়ে সাদা বরফে ঢাকা পরিবেশ তার ভালো লাগেনা। তার ভালোলাগে, দূরের কিছুকে। আর এখানে বরফের অতিরিক্ত ঠান্ডা, পাইন গাছের কষ্ট ও যন্ত্রণার কারণ। সে উত্তাপ ও উষ্ণতা চায়। তার কাছে, গরম দেশ বা স্থান স্বপ্ন দেখার বিষয়, অর্থাৎ ঠান্ডার থেকে তার কাছে গরম জায়গাই প্রত্যাশিত, সেই জন্যই পাইন গাছ পাম গাছের স্বপ্ন দেখে।

৩.২ ... তাই তারা স্বভাবতই নীরব।' - কাদের কথা বলা হয়েছে? তারা নীরব কেন?

উঃ- সুবিনয় রায়চৌধুরী রচিত 'পশুপাখির ভাষা' রচনায় বন্য প্রাণীদের সম্বন্ধে এই কথা বলা হয়েছে। জঙ্গলের পশুদের মধ্যে শিকার ও শিকারীর সম্পর্ক। শিকারকে সর্বদাই প্রাণ বাঁচিয়ে চলতে হয়। শিকারীকে আত্মগোপন করে চলতে হয়। আক্রমণ করা এবং আত্মরক্ষার জন্য তাদের তৈরি থাকতে হয়। তাই জঙ্গলের মাঝে তারা স্বভাবতই নীরব থাকে।

৩.৩ এরা বাসা তৈরি করবার জন্য উপযুক্ত স্থান খুঁজতে বের হয়।- উপযুক্ত স্থান খুঁজে নেওয়ার কৌশলটি 'কুমোরে-পোকার বাসাবাড়ি' রচনাংশ অনুসরণে লেখো।

উঃ- গোপালচন্দ্র ভট্টাচার্য রচিত 'কুমোরে পোকার বাসাবাড়ি গল্পে কুমোরে পোকা ডিম পাড়ার সময় হলেই এরা বাসা তৈরি করবার জন্য উপযুক্ত স্থান খুঁজতে বের হয়। দুই চারদিন ঘুরে-ফিরে মনোমতো কোনো স্থান দেখতে পেলেই তার আশপাশে বারবার ঘুরে বিশেষভাবে পরীক্ষা করে দেখে। তারপর খানিক দূরে গিয়ে আবার ফিরে আসে এবং স্থানটাকে বার বার দেখেনেয়। দুই-তিনবার এইরূপভাবে উড়ে অবশেষে তাকে উপযুক্ত স্থান হিসেবে নির্বাচন করে।

৪. নির্দেশানুসারে উত্তর দাও :

৪.১ বিসর্গ সন্ধিতে বিসর্গ রূপান্তরিত হয়ে 'র' হচ্ছে - এমন দুটি উদাহরণ দাও।

উঃ- নিঃ + আমিষ = নিরামিষ

প্রাতঃ + রাশ = প্রাতরাশ

৪.২ বিসর্গ সন্ধিতে বিসর্গ লুপ্ত হয়ে আগের স্বরধ্বনি কে দীর্ঘ করেছে - এমন দুটি উদাহরণ দাও।

উঃ নিঃ + রোগ = নীরোগ

৪.৩ উদাহরণ দাও - জোড় বাঁধা সাধিত শব্দ, শব্দখণ্ড বা শব্দাংশ জুড়ে সাধিত শব্দ।

উঃ- জোড় বাঁধা সাধিত শব্দের উদাহরণ - দশানন, পটলতোলা, জলখাবার

শব্দখণ্ড বা শব্দাংশ জুড়ে সাধিত শব্দ - প্রিয়তম, ক্ষুদ্রতম,

8.8 সংখ্যাবাচক ও পূরণবাচক শব্দের পার্থক্য কোথায়?

উঃ -

সংখ্যাবাচক শব্দ,	পূরণবাচক শব্দ
i) ভাষাতত্ত্বে গণনার উদ্দেশ্যে ব্যবহৃত পদ গুলিকে সংখ্যাবাচক শব্দ বা সংখ্যাবাচক পদ বা সংখ্যাবাচক বিশেষণ বলা হয়।	i) একই সারি, দল বা শ্রেণীতে অবস্থিত কোন ব্যক্তি বা বস্তুর ক্রম বা পর্যায় বোঝাতে যে সংখ্যা বাচক শব্দ ব্যবহার করা হয় তাকে ক্রম বা পূরণবাচক শব্দ বলে
ii) উদাহরণঃ- এক, দুই, তিন	ii) উদাহরণঃ- প্রথম, দ্বিতীয়, তৃতীয়